গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় অধিশাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০১০.০৬.০৪৮.১৯ (অংশ-১)-২৫

তারিখঃ ১২ মাঘ ১৪২৬ / ২৬ জানুয়ারি ২০২০

বিষয়ঃ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ডিসেম্বর/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২২ জানুয়ারি ২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ডিসেম্বর/২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো। সভার কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ চিঠি পত্রের পেন্ডিং লিষ্ট আগামী ০৫/০২/২০২০খ্রি. তারিখের মধ্যে এ বিভাগের অডিট ও সমন্বয় অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৪ (চার) পাতা।

২৬/০১/২০২০
শেখ মুশিদুল ইসলাম
উপসচিব
ফোন: ৫৫০০৭৩৮০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা/ উন্নয়ন / প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগে সংযুক্ত),পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৪। যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা/ বাজেট, অডিট ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৫। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৬। পরিচালক (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
০৭। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
০৮। প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট/ সিনিয়র সহকারী সচিব (সকল)/ উপ-পরিচালক (এসডিজি সেল)/ সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
১১। প্রোগ্রামার / সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ সহকারী প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২ পরিসংখ্যান কর্মকর্তা (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১৩ হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১৪ আইন কর্মকর্তা, (আইন শাখা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি:

০১। মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় অধিশাখা
www.sid.gov.bd

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ডিসেম্বর/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ২২ জানুয়ারি, ২০২০ খ্রিঃ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি) |
| সভাপতি | : | জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট "ক" সংযুক্ত

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। অত:পর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়) জনাব মোঃ তরিকুল আলম আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

গত নভেম্বর/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী-তে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১. | **বিবিএস এর ২য় পর্যায়ের অর্গানোগ্রাম প্রণয়ন:**<br>গত ০২/১২/২০১৯ ও ১৯/১২/২০১৯ তারিখে বিবিএস এর প্রতিনিধিদের সমন্বয়ে অর্গানোগ্রাম পর্যালোচনা সংক্রান্ত কমিটি-এর দুটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বিবিএস এর প্রস্তাবিত অর্গানোগ্রাম যাচাইপূর্বক ৭৯ ক্যাটাগরির মোট ৬৫১৩টি পদের প্রস্তাব গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে বিবিএস কর্তৃক পুনরায় ৬৫১৩টি পদের প্রস্তাবসহ প্রস্তাবিত অর্গানোগ্রাম এ বিভাগে প্রেরণের জন্য গত ০৮/০১/২০২০ খ্রি. তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। | প্রস্তাবিত অর্গানোগ্রাম এ বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে। | উপসচিব (প্রশাসন-৩) SID, এবং পরিচালক, এফএ এন্ড এমআইএস, বিবিএস | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID, এবং মহাপরিচালক, বিবিএস |
| ২. | **মানব সম্পদ উন্নয়ন/ প্রশিক্ষণ:**<br>ডিসেম্বর, ২০১৯ মাসে SSTI কর্তৃক ৪টি প্রশিক্ষণ কোর্সে মোট ২০৪ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, SSTI বিবিএস | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID, এবং মহাপরিচালক, বিবিএস |
| ৩. | **পরিসংখ্যান ভবন এবং মাঠ পর্যায়ের কার্যালয়ের নিরাপত্তা ও পরিস্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত:**<br>মাঠ পর্যায়ের কার্যালয়ের নিরাপত্তা ও পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার বিষয়ে পত্র প্রেরণ করা হয়েছে। পরিসংখ্যান ভবনের বেইসমেন্টে পার্কিংকৃত পরিত্যক্ত গাড়িসমূহ নিলাম এর প্রক্রিয়া চলমান রয়েছে। | মাঠ পর্যায়ের কার্যালয়ের নিরাপত্তা ও পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে। পরিসংখ্যান ভবনের বেইসমেন্টে পার্কিংকৃত পরিত্যক্ত গাড়িগুলোর বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক পরবর্তী মাসিক সমন্বয় সভার পূর্বেই Feedback জানাতে হবে। | পরিচালক (FA & MIS) BBS | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID এবং মহাপরিচালক, বিবিএস |

<table>
<tr><td>৪.</td><td>ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত:<br>ডিসেম্বর/২০১৯ মাস শেষে মন্ত্রণালয়/বিভাগের মধ্যে-<br><table><tr><td>ক্রম</td><td>ডিসেম্বর/১৯</td><td>নভেম্বর/১৯</td></tr><tr><td>১</td><td>SID-১৯ তম</td><td>SID-২৯ তম</td></tr><tr><td>২</td><td>BBS-৯ম</td><td>BBS-৮ম</td></tr></table></td><td>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-কে এ বিষয়ে আরো ভাল করতে হবে।</td><td>SID এবং BBS-এর সকল কর্মকর্তা</td><td>অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), SID, এবং মহাপরিচালক, BBS</td></tr>
<tr><td>৫.</td><td>অডিট আপত্তি সংক্রান্ত:<br>অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে ০২টি এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ৫২টি অডিট আপত্তি নিষ্পত্তির প্রক্রিয়াধীন রয়েছে।<br><table><tr><td>সংস্থার নাম</td><td>অডিট আপত্তির সংখ্যা</td><td>জড়িত টাকার পরিমান (লক্ষ টাকায়)</td></tr><tr><td>SID</td><td>০২ টি</td><td>১৪০.০৫</td></tr><tr><td>BBS</td><td>৫২টি</td><td>৭৬০.৬২</td></tr></table></td><td>অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে আরো তৎপর হতে হবে।</td><td>(১) উপসচিব (অডিট ও সমন্বয়), SID<br>(২)পরিচালক, এফএ এন্ড এমআইএস, বিবিএস</td><td>১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>২।মহাপরিচালক, বিবিএস</td></tr>
<tr><td>৬.</td><td>অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম:<br>বিবেচ্য মাসে অভিযোগ পাওয়া যায় নি। অভিযোগ পাওয়া মাত্র যথাসময়ে নিষ্পন্ন করা হয়ে থাকে।</td><td>অভিযোগ পাওয়া মাত্র যথাসময়ে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়), SID</td><td>অতিরিক্ত সচিব (প্রশাসন), SID</td></tr>
<tr><td>৭.</td><td>মামলা সংক্রান্ত:<br>(ক) বর্তমানে ৬ টি রীট মামলা ও ৫ টি এটি মামলার কার্যক্রম চলমান রয়েছে।<br><br>(খ) রীট পিটিশন নং ১২২৫৪/২০১৫-এর গত ০৮-০৫-২০১৯ খ্রি. তারিখে প্রদত্ত রায়/আদেশ মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত গত ১৫/১২/২০১৯ খ্রি. তারিখে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।</td><td>পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে মহাপরিচালক, বিবিএস প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</td><td>১। সিনিয়র সহকারী সচিব (আইন শাখা), SID<br>২। আইন কর্মকর্তা, BBS</td><td>মহাপরিচালক BBS</td></tr>
<tr><td>৮.</td><td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) সংক্রান্ত:<br>গত ২৩/১২/২০১৯ তারিখে এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। ২০১৯-২০২০ অর্থ বছরে APA-এর অর্ধ-বার্ষিক অগ্রগতি পর্যালোচনা সভা গত ১৬/০১/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে। গত ১৯/০১/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত BMC সভায় APA-এর অর্ধ-বার্ষিক অগ্রগতি প্রতিবেদন অনুমোদন করা হয়েছে। আগামী ৩০/০১/২০২০ খ্রি. তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।</td><td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA)- শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। সকল প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে।</td><td>উপসচিব (এসডিজি) SID</td><td>অতিরিক্ত সচিব (প্রশাসন) SID এবং মহাপরিচালক BBS</td></tr>
</table>

২

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | **Sustainable Development Goals (SDG)- বাস্তবায়ন সংক্রান্তঃ**<br>ক) গত ২৯/১২/২০১৯ তারিখে Population and Housing Census 2021-এর প্রশ্নপত্রের মাধ্যমে এসডিজি সূচকসমূহের ডাটা প্রাপ্তির জন্য প্রকল্প পরিচালক, Population and Housing Census 2021 প্রকল্প এবং প্রকল্প পরিচালক Monitoring the Situation of Vital Statistics of Bangladesh (3rd phase) প্রকল্প SVRS-এর মাধ্যমে এসডিজি সূচকসমূহের ডাটা প্রদান নিশ্চিতকরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে;<br>(খ) গত ১৩/০১/২০২০ খ্রি. তারিখে SDG Tracker এর Data Providerগণকে Data Availability Status Template-এ হালনাগাদ তথ্য-উপাত্ত প্রেরণের জন্য একটি পত্র প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে;<br>(গ) গত ১৬/০১/২০২০ খ্রি. তারিখে SDG বিষয়ক মুখ্য সমন্বয়ক মিজ্ জুয়েনা আজিজ-এর সভাপতিত্বে SDG Implementation and Review Committee-এর একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় Voluntary National Review (VNR 2020), SDG Implemation Review (SIR 2020) এবং SDG Progress Report 2020 বিষয়ে আলোচনা হয়। | SDG বাস্তবায়নে সকলকে আরো তৎপর হতে হবে। NDCCসহ অন্যান্য কমিটির সভা নিয়মিত করতে হবে। | উপসচিব (SDG সেল) SID | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID<br>২। মহাপরিচালক, BBS |
| ১০. | **শুদ্ধাচার কৌশল:**<br>শুদ্ধাচার চর্চা অব্যাহত রয়েছে। গত ০১/০১/২০২০ খ্রি. তারিখে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত ২য় ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর গত ২০১৮-১৯ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত মূল্যায়ন করা হয়েছে। প্রাপ্ত নম্বর ৭৭%। | শুদ্ধাচার চর্চা অব্যাহত রাখতে হবে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-কে আরো তৎপর হতে হবে। | যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়) SID | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | নাগরিক সেবার উদ্ভাবন/সেবা-পদ্ধতি সহজিকরণ/ ই-সেবা প্রবর্তন:<br>ইনোভেশন কর্মপরিকল্পনার আওতায় ১৫-১৮ জানুয়ারি সারাদেশে জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্পের জন্য Household Listing System ই-সার্ভিসের পাইলটিং বাস্তবায়ন সফলতার সাথে সম্পন্ন হয়েছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতির লক্ষ্যে গত ৩১/১২/২০১৯ খ্রি. তারিখে ইনোভেশন টিমের পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত ছক অনুযায়ী প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদন চূড়ান্তকরণ ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যে গত ১৯/০১/২০২০ খ্রি. তারিখে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থপনা বিভাগ মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর অন্যান্য কার্যক্রমসমূহ অব্যাহত রয়েছে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ২০১৯-২০ অর্থ-বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। সকল প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | যুগ্মসচিব (তথ্য ব্যবস্থাপনা) SID | ১। অতিরিক্ত সচিব (তথ্য ব্যবস্থাপনা), SID,<br>২। মহাপরিচালক, BBS |
| ১২. | **যানবাহন সংক্রান্ত:**<br>বিবিএস এর চলমান যানবাহন সমূহের কাগজপত্র হালনাগাদকরণ প্রক্রিয়া অব্যাহত রয়েছে। বর্তমানে এফএ অ্যান্ড এমআইএস উইং এর ২ টি ও অন্যান্য প্রকল্পে ব্যবহৃত ২টি সহ মোট ৪টি যানবাহনের রেজি: BRTA কর্তৃক বাতিল করায় পুন: রেজি: জন্য প্রথম দফা গত ০৫/১১/১৯ তারিখ বিআরটিএ মিরপুর বরাবর ও দ্বিতীয় দফা গত ৩১/১২/১৯ তারিখ বিআরটিএ এর প্রধান কার্যালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | সকল গাড়ীর কাগজপত্র দ্রুত হালনাগাদ করতে হবে। সকল গাড়ী সচল রাখতে হবে। | উপ-মহাপরিচালক, বিবিএস ও পরিচালক (FA & MIS), BBS | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID ও মহাপরিচালক, BBS |
| ১৩. | **পরিচালক/ যুগ্মপরিচালক/ উপ-পরিচালক ও অন্যান্য পদে পদোন্নতিঃ**<br>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র ০১ (এক) জন পরিচালক (ক্যাডার) ও ০১ (এক) জন প্রোগ্রামার পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। | পদশূন্য এবং পদোন্নতিযোগ্য কর্মকর্তা থাকলে বিভাগীয় পদোন্নতি কমিটির সভা (DPC) নিয়মিত করতে হবে। | ১। উপসচিব (প্রশাসন-১), SID<br>২। পরিচালক (FA & MIS) BBS | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID,<br>২। মহাপরিচালক, BBS |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস এর পেন্ডিং লিস্ট:<br><br>চিঠি পত্র নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে নির্ধারিত ছকে পেন্ডিং লিস্ট এ বিভাগের অডিট ও সমন্বয় অধিশাখায় প্রেরণ করতে হবে। পেন্ডিং চিঠি পত্র দ্রুত নিষ্পত্তি করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) SID | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), SID,<br><br>২। মহাপরিচালক, BBS |

## বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | সার্বিক তত্ত্বাবধানে |
|---|---|---|---|---|
| ১ | **বিবিএস এর ৩য় ও ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ:**<br><br>বিজ্ঞাপিত ৫৯৩ টি পদে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। আরো ৭১১ জন কর্মচারী নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। | সকল শূন্যপদে নিয়োগ প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করায় মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-কে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। ৫৯৩ টি পদে দ্রুত নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। সকল শূন্যপদে জরুরী ভিত্তিতে নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (FA & MIS) BBS | মহাপরিচালক, বিবিএস |
| ২ | **বিবিধঃ**<br>**ওয়েবসাইট হালনাগাদ সংক্রান্তঃ**<br>ক) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ অব্যাহত রয়েছে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ অব্যাহত রাখতে হবে। | ক) পরিচালক, কম্পিউটার উইং ও প্রোগ্রামার, SID | ক) অতিরিক্ত সচিব (প্রশাসন), SID ও মহাপরিচালক, বিবিএস |

| | | | | |
|---|---|---|---|---|
| | **খ) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর সম্মেলন কক্ষে LCD মনিটর স্থাপন সংক্রান্তঃ**<br>গত ১২ জানুয়ারি ২০২০ খ্রি. তারিখে বিশ্বব্যাংকের অনুমোদন পাওয়া গিয়েছে। LCD মনিটর ক্রয়ের জন্য শীঘ্রই e-GP-তে Tender আহ্বান করা হবে। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর সম্মেলন কক্ষে LCD মনিটর দ্রুত স্থাপন করতে হবে। সঠিকভাবে Site Selection করতে হবে। | প্রকল্প পরিচালক NSDS, বিবিএস ও প্রোগ্রামার, SID | মহাপরিচালক, বিবিএস |
| | **গ) বাংলাদেশের সকল মন্ত্রণালয়/বিভাগ-এ বিদ্যমান ‘পরিকল্পনা উইং/অধিশাখা’-কে পুনঃনামকরণপূর্বক ‘পরিকল্পনা ও পরিসংখ্যান উইং/অধিশাখা’ হিসেবে নামকরণের পাশাপাশি বিসিএস পরিসংখ্যান ক্যাডারের ৬ষ্ঠ গ্রেডের ১৭টি ‘উপপরিচালক’ এবং বিসিএস পরিসংখ্যান ক্যাডারের ৯ম গ্রেডের ৪১টি ‘পরিসংখ্যান কর্মকর্তা’ এর মোট ৫৮টি পদ সৃজন সংক্রান্তঃ**<br>সকল মন্ত্রণালয়/বিভাগ-এ বিদ্যমান ‘পরিকল্পনা উইং/অধিশাখা’-কে ‘পরিকল্পনা ও পরিসংখ্যান অধিশাখা’ হিসেবে নামকরণ এবং পরিসংখ্যান ক্যাডারের উপপরিচালক/পরিসংখ্যান কর্মকর্তার পদের প্রয়োজন রয়েছে কিনা সে বিষয়ে সকল মন্ত্রণালয়/বিভাগের মতামত জানার জন্য গত ১৫/১২/২০১৯ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে এ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। বর্ণিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য পুনরায় জনপ্রশাসন মন্ত্রনালয়ে পত্র প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। | এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। উপ-সচিব (প্রশাসন-৩) SID এবং ২। পরিচালক (FA & MIS) BBS<br>৩। জনাব মহিউদ্দিন আহমেদ, উপপরিচালক, বিবিএস | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID এবং মহাপরিচালক, বিবিএস |
| | **ঘ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্তঃ**<br>পরিসংখ্যান ভবনের ৪র্থ তলার উন্মুক্ত ছাদে বঙ্গবন্ধু মেমোরিয়াল স্থাপনের জন্য অর্থ বরাদ্দ পাওয়া গিয়েছে এবং গত ২৯/১২/২০১৯ খ্রি. তারিখে দরপত্র আহ্বান করা হয়েছে। গত ২১/০১/২০২০ খ্রি. তারিখে টেন্ডার Opening করা হয়েছে। তাছাড়া, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটির সভা গত ১৬/০১/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে। অন্যান্য উপ-কমিটির সভা নিয়মিত চলছে। | নিয়ম কানুন যথাযথভাবে অনুসরনপূর্বক বঙ্গবন্ধু মেমোরিয়াল স্থাপন এবং অন্যান্য কার্যক্রমের অগ্রগতির হার বাড়াতে হবে। নিয়মিত সভা করতে হবে। | উপ-মহাপরিচালক, বিবিএস | অতিরিক্ত সচিব (প্রশাসন), SID এবং মহাপরিচালক, বিবিএস |

সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে এ বিভাগের কর্মকর্তাদের আরো নিষ্ঠার সহিত আন্তরিকভাবে দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে নিম্নরূপ নির্দেশনা/ পরামর্শ প্রদান করেনঃ

ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের জন্য সভাপতি পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর সকল কর্মকর্তা/কর্মচারীকে আহ্বান জানান।

খ) গত ডিসেম্বর/২০১৯ মাসে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর যে সকল কর্মকর্তা/কর্মচারী বা তাঁদের আত্মীয় স্বজন মৃত্যুবরণ করেছেন সভাপতি তাদের রুহের মাগফিরাত কামনা করেন এবং শোক-সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৩/০১/২০২০

সৌরেন্দ্র নাথ চক্রবর্ত্তী
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।



2